

# আনন্দবাজার পত্রিকা অনলাইন

০১ জানুয়ারি ২০২৩



প্রথমে পাতা কলকাতা পশ্চিমবঙ্গ ~ দেশ বিদেশ সম্প্রদায়ের পাতা ~ খেলা ~ বিবর্তন জীবন + স্বাস্থ্য বিভিন্ন

আরও

Anandabazar / West Bengal / Purulia Birbhumi Bankura / Jagannath Soren nominated for Sahitya Akademi Award

## Sahitya Akademi Award

### সাহিত্য অকাদেমি পুরস্কারে মনোনীত জগন্নাথ

জগন্নাথের জন্ম বাড়ি খাত্তার মনুপুরে। জগন্নাথ ইতিহাসে জন্মে কলকাতার থেকে ২০১০ সালে জগন্নাথের পরে খাত্তার বাড়ি করে স্ত্রী শীলাকে নিয়ে বাস করতেন।



জগন্নাথ সোরে। নিজস্ব চিত্র

#### সুশীল মাহালি

📍 খাত্তার 🕒 শেষ আপডেট: ০১ ডিসেম্বর ২০২২ ০৯:১৯

Share: Save:

সাহিত্য অকাদেমির সীতলসি বিলাসে এ বছর পুরস্কারের জন্য মনোনীত হলেন খাত্তার জগন্নাথের বসিন্দা জগন্নাথ সোরে ওরফে কাজসি সোরে। তিনি জানেন, আনন্দিকি হরফে লেখা 'সবরনাকা বলিরে সোনাএ পীজায়' বইয়ের জন্য তাঁকে সাহিত্য অকাদেমি পুরস্কার দেওয়া হবে বলে সঙ্গতি বিলি থেকে ফোন করে জানানো হয়েছে। তাঁর জীবনপঞ্জি চাওয়া হয়েছে। জানানো হয়েছে, পুরস্কারের আর্থিক মূল্য এক লাখ টাকা। সঙ্গে একটি মানপত্র দেবে।

Advertisement

জগন্নাথ বলেন, “এত বড় সম্মান পাব ভাবিনি। এতে সাঁওতালি সাহিত্যের প্রতি মানুষের আগ্রহ বাড়বে বলে আশা রাখি।” তিনি জানান, কাব্যগ্রন্থ ‘সবরনাকা বালিরে সোনাএঃ পাঁজায়’ (সুবর্ণরেখা নদীর বালিতে সোনা খুঁজি) প্রকাশিত হয় ২০১৯ সালে। বইটিকে ১৮৫টি কবিতা রয়েছে।

জগন্নাথের আদি বাড়ি খাতড়ার মধুপুরে। হলদিয়ার ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন থেকে ২০১০ সালে অবসরের পরে খাতড়ায় বাড়ি করে স্ত্রী শীলাকে নিয়ে বাস করছেন। তাঁদের তিন মেয়ে বিবাহিত। তাঁরাও প্রতিষ্ঠিত। ৭২ বছর বয়সি জগন্নাথ জানান, তিনি স্কুল জীবন থেকেই লেখালেখির সঙ্গে যুক্ত। গ্রামের শিল্পীদের জন্য প্রথমে সাঁওতালি ভাষায় গান লিখতে। পরে কবিতা লিখতে কলম ধরেন। সবই লিখেছেন অলচিকি হরফে। সাঁওতালি ভাষায় তাঁর আটটি বই প্রকাশিত হয়েছে। তার মধ্যে ছ’টি কবিতার বই। প্রথম বই প্রকাশিত হয় ১৯৮২ সালে। রবীন্দ্রনাথ ঠাকুরের ‘শিশু’ কাব্যগ্রন্থের সাঁওতালি অনুবাদ প্রকাশিত হয় ২০১৩ সালে। ‘কবি সারদাপ্রসাদ কিস্কু’ এবং ‘আন্দামান ভ্রমণ’ নিয়ে লেখা দু’টি গদ্যের বই প্রকাশিত হয়েছে।

(সবচেয়ে আগে সব খবর, ঠিক খবর, প্রতি মুহূর্তে। ফলো করুন আমাদের **Google News, Twitter** এবং **Instagram** পেজ)